



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২১ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি.

#### শহীদ মিনারে সিটি মেয়রের শ্রদ্ধা নিবেদন

রক্তে রাঙানো মহান ভাষা শহীদ দিবসে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে গোটা জাতি। চট্টগ্রাম কেন্দ্রীয় শহীদ মিনারে শহীদ বেদীতে ফুলে ফুলে শ্রদ্ধা নিবেদন করে চট্টগ্রামের মন্ত্রী, প্রতিমন্ত্রী, মেয়র, সাংসদ, প্রশাসনের সর্বস্তরের কর্মকর্তা ও রাজনৈতিক দলের নেতৃবৃন্দ। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রথম প্রহরে চট্টগ্রাম কেন্দ্রীয় শহীদ মিনারে অকুতোভয় একুশের শহীদদের প্রতি ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। তিনি কিছু সময় নিরবে দাঁড়িয়ে শহীদদের আত্মার মাগফেরাত কামনা করেন। শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের পর নগর ভবন বঙ্গবন্ধু চওরে মেয়র বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করেন। এসময় মেয়রের সাথে ছিলেন প্যানেল মেয়র মিসেস জোবাইরা নাগিসা খান, নিছার উদ্দীন আহমেদ মঞ্জু, কাউন্সিলর মো. গিয়াস উদ্দীন, তারেক সোলায়মান সেলিম, নাজমুল হক ডিউক, হাসান মুরাদ বিপ্লব, এইচ এম সোহেল, মো. সলিম উল্লাহ বাস্তু, মো. আবদুল কাদের, শৈবাল দাশ সুমন, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আবিদা আজাদ, সিটি কর্পোরেশনের সচিব মোহাম্মদ আবুল হোসেন প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরীণ, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মোহাম্মদ সাইফুদ্দিন, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শেখ সফিকুল মল্লান সিদ্দিকী, উপ সচিব অশেক রসুল চৌধুরীটিপু, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম সহ বিভাগীয় ও শাখা প্রধানগণ উপস্থিতি ছিলেন।

#### সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন